# WEST BENGAL STATE UNIVERSITY

Berunanpukuria, Malikapur, Barasat
24 Parganas (North), Kolkata – 700 126
Phone No. 033 – 65406213

লক্ষ্যং বিশ্বমানম্

Reference No.WBSU/COE/UG EXAM/0122/2020 Date: September 21, 2020

**আন্ডার গ্রাজুয়েট অনার্স ও জেনারেল পার্টIII ২০২০ পরীক্ষার গৃহীত অনলাইন প্যান্ডেমিক অবস্থার সার্স২ এর পরিপ্রেক্ষিতে।**

বিশেষ বিজ্ঞপ্তি ঃ - যে সমস্ত ছাত্রছাত্রী পরীক্ষার ব্যবস্থাপনা, ফল সংক্রান্ত বিষয়ে অসন্তুষ্ট হবে তারা প্যান্ডেমিক অবস্থার উন্নতি হলে বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় অফ-লাইন পক্রিয়ায় পরীক্ষা দেওয়ার সুযোগ পাবে।

১/ যে সমস্ত ছাত্রছাত্রী/পরীক্ষার্থী উপযুক্ত রেজিস্ট্রেশন নং, রোল নং এবং এ্যাডমিট কার্ড পেয়েছে তারা বাড়ীতে বসে ওয়েবসাইটে দেওয়া প্রোগ্রাম অনুযায়ী পরীক্ষা দিতে পারবে।

২/ প্রশ্নপত্র কলেজ মারফৎ ছাত্রছাত্রীদের ই-মেল, হোয়াটস্-এ্যাপ বা অন্য কোনও উপায়ে পাঠানো হবে। পরীক্ষার দিন নির্দিষ্ট সময়ে প্রশ্নপত্র রেজিস্ট্রেশন নং দিয়ে ডাউনলোড করা যাবে ওয়েবসাইট থেকে : www.wbsuexams.net.

৩/পরীক্ষার্থী বা তাদের প্রতিনিধি এ্যাডমিট কার্ড দেখিয়ে কলেজ থেকে প্রশ্নপত্র সংগ্রহ করতে পারবে/পারবেন।

৪/ প্রশ্নপত্র পরীক্ষার দিন বেলা ১১-৩০মি. থেকে দুপুর ১২-০০ এর মধ্যে দেওয়া হবে (সামান্য আগে পরে হতে পারে) এবং ছাত্রছাত্রীরা লিখিত উত্তরপত্র ই-মেল/হোয়াটস্-এ্যাপ মারফৎ ঐ দিন বেলা ৩টার মধ্যে নিজ নিজ কলেজে পাঠিয়ে দিতে পারবে। উদাহরন হিসাবে বলা যায় ১।১০।২০২০ যে পরীক্ষা হবে তার উত্তরপত্র ১।১০।২০২০ তারিখে বেলা ৩-০০ এর মধ্যে পাঠাতে হবে। খাতার সঙ্গে একটি এ্যাডমিট কার্ডের ফটোকপি দিতে হবে।

৫/ কোনো পরীক্ষার্থীর উত্তরপত্র আপলোড করতে অসুবিধা হলে, লিখিত উত্তরপত্র খামবন্ধ করে নিজ নিজ কলেজে পরীক্ষার দিন নিজে অথবা প্রতিনিধি মারফৎ জমা করতে পারবে।

৬/ ছাত্রছাত্রীদের নিজেদের ভাষায় উত্তর দেওয়ার জন্য কঠোরভাবে পরামর্শ দেওয়া হচ্ছে।

৭/ ছাত্রছাত্রীদের বিশ্ববিদ্যালয়ের সুনির্দিষ্ট উত্তরপত্রে বা যে কোনো A4 সাইজের কাগজে পৃষ্ঠা নং দিয়ে উত্তর লিখতে বলা হচ্ছে। কলেজের প্রিন্সিপালরা বিশ্ববিদ্যালয়ের থেকে পরীক্ষার খাতা, যাতে ছাত্রছাত্রীরা পরীক্ষা দেবে, চেয়ে নিতে পারেন।

৮/ পরীক্ষার্থীর, উত্তরপত্রের উপরে প্রতি পৃষ্ঠায় রেজিস্ট্রেশন নং ও রোল নং লিখতে হবে। পৃষ্ঠা নম্বরও অবশ্যই লিখতে হবে।

৯। পরীক্ষা সংক্রান্ত অন্যান্য অতিরিক্ত বিষয়/নির্দেশাবলী সমূহ পরবর্তীকালে ওয়েবসাইটে দেওয়া হবে। ছাত্রছাত্রীদের নিয়মিতভাবে ওয়েবসাইট দেখার জন্য অনুরোধ করা হচ্ছে।

১০/ প্যানডেমিক অবস্থার উন্নতি হওয়ামাত্র যদি বর্তমান পদ্ধতি সম্পর্কে কোনও রকম অসন্তোষ থাকে, যে কোনও ছাত্র বা ছাত্রী চাইলে পুরানো পদ্ধতিতে অফলাইন পরীক্ষা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় দিতে পারবে ।

A. K. Mukherjee

A.K. Mukherjee
O.S.D.(Administration)
In-charge of the office of the
Controller of Examinations